

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

আদেশ নং- ১৬-১৪৬৬


তারিখ: ১১/০৭/২০২৪

অফিস আদেশ

সরকারি ক্রয় বিধিমালা, ২০০৮ অনুযায়ী সরকারের ক্রয়কার্য পরিচালনার ক্ষেত্রে বাৎসরিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন বাধ্যতামূলক। প্রত্যেক বৎসরের শুরুতে বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হতে হয় এবং ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করার প্রয়োজন হয়।

০২। এমতাবস্থায়, পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত সরকারি ক্রয় বিধিমালা, ২০০৮ এর বিধি-১৬(৭) অনুযায়ী আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউটসমূহের এপিপি অনুমোদনের ক্ষেত্রে অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমিকে; জেলা সমবায় কার্যালয়সমূহের এপিপি অনুমোদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় যুগ্মনিবন্ধককে; উপজেলা সমবায় কার্যালয়সমূহের এপিপি অনুমোদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তাকে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হলো।


উল্লেখ্য, বিভাগীয় সমবায় কার্যালয়সমূহ ও বাংলাদেশ সমবায় একাডেমির এপিপি যথারীতি নিবন্ধক ও মহাপরিচালক (ক্রয়কারী কার্যালয় প্রধান) কর্তৃক অনুমোদিত হতে হবে।


মোঃ শরিফুল ইসলাম
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা
ফোন : ০২৪৮১১৯৩০৫
ফ্যাক্স : ০২৯১৩৯৫৬৫
ইমেইল: reg.dg@coop.gov.bd

স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৯.২০.০০১.২৩. ১৬/১(১৬৬)-১৪৬৬

তারিখ: ১১/০৭/২০২৪

- ১। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
- ২। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৩। অধ্যক্ষ, আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউট (সকল).....।
- ৪। জেলা সমবায় কর্মকর্তা (সকল),।
- ৫। উপজেলা/মেট্রো: থানা সমবায় কর্মকর্তা (সকল),।


১১/০৭/২৪
শেখ ফজলুল করিম
উপনিবন্ধক (ফাইন্যান্স)
সমবায় অধিদপ্তর, ঢাকা
ফোন: ০২ ৯১০৩৪৬০